

পরিচিতি

# We Speak NYC

Bangla | বাংলা



**We Speak NYC** (WSNYC) হলো এই সিটির বিনামূল্যের ইংরেজি ভাষা শেখা এবং কথোপকথনের একটি প্রোগ্রাম যা **মেয়রের অভিবাসী বিষয়ক অফিস** (Mayor's Office of Immigrant Affairs, MOIA) দ্বারা প্রস্তুতকৃত এবং পরিচালিত। WSNYC কথোপকথন বিষয়ক পাঠদান করে যেখানে অংশগ্রহণকারীরা অভিবাসীদের অধিকার, সিটি প্রদত্ত পরিষেবা এবং নাগরিক সম্পৃক্ততা সম্পর্কে শেখার সময় ইংরেজিতে কথা বলার অনুশীলন করতে পারে।

আমাদের শিক্ষার্থীরা **প্রতি সপ্তাহে একবার** 7 থেকে 10 সপ্তাহের চক্রে মিলিত হয়। প্রতি সপ্তাহে, আমরা আমাদের পুরস্কারপ্রাপ্ত ভিডিওর সিরিজ হতে একটি ভিন্ন পর্ব দেখার এবং আলোচনা করার জন্য **দুই ঘণ্টার** জন্য একত্রিত হয়ে থাকি। ভিডিওগুলো শিক্ষার্থীদের ইংরেজি ভাষার দক্ষতার পাশাপাশি নিউ ইয়র্ক সিটির সংস্কৃতি এবং রিসোর্সগুলো সম্পর্কে তাদের জ্ঞান বিকাশে সহায়তা করে। ইংরেজি ভাষার কোনো স্তরের দক্ষতার প্রয়োজন নেই, তবে উপাদানটি **উচ্চ-শিক্ষানবিস থেকে মধ্যবর্তী স্তরের** শিক্ষার্থীদের জন্য সবচেয়ে উপযোগী।

কম্পিউটার, স্মার্টফোন বা ট্যাবলেটে আছে এমন যে কেউ যেকোনো জায়গা থেকে আমাদের **অনলাইন ক্লাসে** যোগ দিতে পারেন। আমরা পাঁচটি বরো জুড়ে ব্যক্তিগত পাঠদানও করে থাকি; কমিউনিটি সংস্থা, স্কুল, আস্থা-ভিত্তিক প্রতিষ্ঠান এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক লাইব্রেরিগুলোর অবস্থানসমূহে।

আমাদের পাঠদানের সময়সূচি দেখতে, অনলাইন ক্লাসের জন্য নিবন্ধন করতে বা আপনার কাছাকাছি সরাসরি ক্লাসগুলো খুঁজে পেতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন। **শেখার জন্য প্রস্তুত হতে, আপনার কথোপকথনের দক্ষতা অনুশীলন করতে এবং অন্যান্য ইংরেজি ভাষা শিক্ষার্থীদের সাথে দেখা করতে ক্লাসে আসুন!**

একত্রে শেখার জন্য আমরা উন্মুখ!

আরো জানতে দেখুন: [nyc.gov/wespeaknyc](http://nyc.gov/wespeaknyc)


আমাদের ইমেইল করুন এই ঠিকানায় [wespeaknyc@cityhall.nyc.gov](mailto:wespeaknyc@cityhall.nyc.gov)

## আমরা প্রদান করে থাকি:

- **বিনামূল্যে** সরাসরি বা অনলাইনে ইংরেজি কথোপকথনের ক্লাস
- **বিনামূল্যে** সম্পূর্ণক ইংরেজি ভাষা অনুশীলন উপকরণ
- ইংরেজি ভাষা শিক্ষার বিভিন্ন কামিউনিটিতে যুক্ত হোন
- ইংরেজিতে কথা বলায় আপনার আত্মবিশ্বাস তৈরি করার জন্য একটি নিরাপদ স্থান
- অভিবাসী নিউ ইয়র্কবাসীদের অধিকার এবং রিসোর্সের তথ্য

**“আমার উচ্চারণের উন্নতি করেছি, আমার কথা বলার ভয় থেকে মুক্তি পেয়েছি এবং এটি একটি চমৎকার ক্লাস।”**

-WSNYC শিক্ষার্থী



**NYC**  
Mayor's Office of  
Immigrant Affairs

